গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ১৭.০৯.২০২৬ খ্রি.

## মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি:

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীরা নিম্নোক্ত ৩ টি ধাপ ধারাবাহিকভাবে অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে

**ধাপ-১:** ২০.০৯.২০২৬ খ্রি. থেকে ২১.০৯.২০২৬ খ্রি. পর্যন্ত অনলাইন Education Management System-এর https://mccollege.eshiksaems.com/ ওয়েব এড্রেস এ প্রবেশ করে User ID: mcstudent এবং Password: mcstudent দিয়ে সফটওয়ার এ Login করতে হবে। তারপর ক্রমান্বয়ে Admission/SSC Roll → Click for Admission Form →Select Group (HSC) → Select Department (HSC - Science) → Admission Roll (S.S.C Roll No.) → Check for Admission এ ক্লিক করলে ভর্তির জন্য আবেদন ফরমটি সামনে আসবে। ফরমটির সকল তথ্য নির্ভুলভাবে পূরণ করতে হবে এবং এক কপি রঙিন ছবি আপলোড করতে হবে **(মুরারিচাঁদ কলেজের জন্য নির্ধারিত ইউনিফর্ম বা ড্রেস পরিহিত ছবি আপলোড করতে হবে। যারা কলেজ ড্রেস ব্যতীত অন্য পোশাক পরিহিত ছবি আপলোড করবে তারা পরবর্তীতে আইডি কার্ডের জন্য কলেজ ড্রেস পরিহিত অতিরিক্ত ছবি কলেজে জমা দিতে হবে।)** গুচ্ছ থেকে Elective (ঐচ্ছিক) ও Fourth Subject (৪র্থ বিষয়) নির্বাচন করে Add Subjects এ ক্লিক করার মাধ্যমে মোট ৭ টি বিষয় নির্বাচিত করলে Save Button এ্যাক্টিভ হবে। Fourth Subject নির্বাচনে ভুল করলে Remove option এর মাধ্যমে তা সংশোধন করা যাবে। তারপর Save Button এ ক্লিক করলে ভর্তি ফিসের টাকার পরিমাণ উল্লেখসহ পূরণকৃত ফরমটি দৃশ্যমান হবে। টাকার পরিমাণটি মনে রাখতে হবে।

**ধাপ-২:** শিক্ষার্থীরা https://mccollege.eshiksaems.com/ ওয়েব এড্রেস এ প্রবেশ করে Pay through Sonali Pay অপশনে SSC/Admission Roll লিখে Connect Sonali Pay ক্লিক করে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর ক্লাস রোল নম্বর পড়বে এবং অভিভাবকের মোবাইল নম্বরে অনলাইন ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে। তবে ভর্তির কাজ চূড়ান্তভাবে সম্পন্ন করার জন্য অবশ্যই ধাপ-৩ অনুসরণ করতে হবে।

**SMS পাওয়ার পর শিক্ষার্থীকে Application Form Reprint এ ক্লিক করে Admission Roll দিয়ে পূরণকৃত ফরম ডাউনলোড করতে হবে যা ধাপ-৩ অনুযায়ী অন্যান্য কাগজের সাথে অবশ্যই কলেজে জমা দিতে হবে।**

**Class Roll** ছাড়া কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

**ধাপ-৩:** ভর্তি কার্যক্রম নিম্নের তালিকা মোতাবেক চূড়ান্তভাবে সম্পন্ন করতে হবে:

| কার্যক্রম | যাদের জন্য প্রযোজ্য | তারিখ ও সময় |
|---|---|---|
| প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদান<br>স্থান: কলা ভবন গ্যালারি-১০১ | ভর্তি তালিকার ক্রমিক ০০১-২০০ | ২১.০৯.২০২৬ খ্রি.<br>সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা |
| | ভর্তি তালিকার ক্রমিক ২০১-অবশিষ্ট | ২২.০৯.২০২৬ খ্রি.<br>সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা |

যে সমস্ত কাগজ তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দিতে হবে:

১. Application Form Reprint থেকে **ক্লাসরোলসহ** ডাউনলোডকৃত কপি।

২. এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং এর ২টি ফটোকপি। সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা না হলে পরবর্তীতে যখনই শিক্ষা বোর্ড থেকে প্রদান করা হবে দ্রুততম সময়ে একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজে জমা দিতে হবে।
(এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের যথেষ্ট পরিমাণ ফটোকপি শিক্ষার্থী নিজের নিকট সংরক্ষণ করবে। পরবর্তীতে প্রয়োজন হলে কলেজ থেকে কোন অবস্থাতেই মূলকপি/ফটোকপি প্রদান করা যাবেনা।)

৩. এসএসসি/সমমান পরীক্ষার প্রশংসাপত্রের ২টি ফটোকপি।

৪. শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র (সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে তার একধাপ উপরের ঊর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র) দাখিল করতে হবে।

৫. মুক্তিযোদ্ধার সন্তান কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং এর ২ টি ফটোকপি জমা দিতে হবে।

৬. অন্যান্য কোটার ক্ষেত্রেও এর স্বপক্ষে সংশ্লিষ্ট কাগজ প্রদর্শন এবং এর ০২ টি ফটোকপি জমা দিতে হবে।

৭. একটি বড় খাম (১৪ইঞ্চি × ১২ইঞ্চি); খামের উপর নাম, ঠিকানা, ক্লাস রোল নম্বর, এসএসসি রোল নম্বর, জমাকৃত কাগজের বিবরণ ও শিক্ষার্থী এবং অভিভাবকের সক্রিয় মোবাইল নম্বর লিখে দিতে হবে।

৮. ওয়েবসাইটে কলেজের ড্রেস পরিহিত ছবি আপলোড করা না হলে ড্রেস পরিহিত ০২ কপি ছবি জমা দিতে হবে (ছবির পিছনে নাম ও ক্লাস রোল নম্বর লিখে দিতে হবে)

- ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমা অনুসারেই সম্পাদন করতে হবে। অন্যথায় ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করা হবে না এবং Selection বাতিল বলে গণ্য হবে।
- **ক্লাস শুরুর তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৬ (বৃহস্পতিবার)**
  **সেকশন এ (বিজোড় রোল)ঃ একাডেমিক ভবন-৫১০১** **সেকশন বি (জোড় রোল)ঃ একাডেমিক ভবন-৫১০২**

বিশেষ দ্রষ্টব্য: ভীড় এড়াতে কাগজপত্র জমাদানের সময় কেবল শিক্ষার্থী নিজে অথবা তাঁর পক্ষে একজন অভিভাবক আসার জন্য অনুরোধ করা হলো।

ভর্তির জন্য নির্ধারিত ফি:

| মুসলিম ধর্মাবলম্বী শিক্ষার্থী (ছাত্র) | অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থী (ছাত্র) | মুসলিম ধর্মাবলম্বী শিক্ষার্থী (ছাত্রী) | অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থী (ছাত্রী) |
|---|---|---|---|
| ৪,০৩৯/= টাকা | ৪,০৪৪/= টাকা | ৩,৭৯৯/= টাকা | ৩,৮০৪/= টাকা |

৩/৯/২৫
১৭/৯/২৫
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

১৭.০৯.২০২৬
(জনাব বিভূতি ভূষন দাস)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি ২০২৬-২০২৭
ও
সহযোগী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

মুরারিচাঁদ কলেজে ভর্তিকৃত একাদশ/দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের নির্দিষ্ট কলেজ ইউনিফর্ম (ড্রেস) বাধ্যতামূলক।

একাদশ/দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ব্যবহারের জন্য কলেজ ড্রেসের বিবরণ নিম্নরূপ:

ছাত্রদের ইউনিফর্ম (ড্রেস)

১. শার্ট-সাদা (ফুলহাতা/হাফহাতা)
২. ফুলপ্যান্ট-নেভিব্লু
৩. কালো মোজা
৪. কালো সু
৫. শার্টের পকেটে সেলাই করা রাউন্ড মনোগ্রাম, মাঝখানে কলেজের লগো। চারপাশে উপরে কলেজের নাম, নীচে সিলেট লিখা থাকবে
৬. কাঁধে একাদশ শ্রেণির ক্ষেত্রে কাপড়ের সাদা বেল্টের ভেতর নেভিব্লু রং দিয়ে নিচের দিকে লেখা থাকবে M.C.C উপরের দিকে XI এবং দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে নিচের দিকে M.C.C উপরের দিকে XII
৭. গলায় ছবিসহ আইডি কার্ড যার পুরো বেল্টে M.C.C লিখা থাকবে
৮. শীতকালে অতিরিক্ত নেভিব্লু সোয়েটার।

ছাত্রীদের ইউনিফর্ম (ড্রেস)

১. কামিজ-সাদা (ফুলহাতা/হাফহাতা)
২. পায়জামা-নেভিব্লু
৩. কোমরে নেভিব্লু বেল্ট
৪. ভাঁজ করা নেভিব্লু ওড়না
৫. কাঁধে কাপড়ের সাদা বেল্ট থাকবে
৬. কালো মোজা
৭. সু/ক্যাড্স - সাদা
৮. বামপাশে ওড়নার উপর সেলাই করা রাউন্ড মনোগ্রাম, মাঝখানে কলেজের লগো ও চারপাশে উপরে কলেজের নাম, নীচে সিলেট লিখা থাকবে
৯. কাঁধে একাদশ শ্রেণির ক্ষেত্রে কাপড়ের সাদা বেল্টের ভেতর নেভিব্লু রং দিয়ে নিচের দিকে লেখা থাকবে M.C.C উপরের দিকে এবং XI দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে নিচের দিকে M.C.C উপরের দিকে XII
১০. গলায় ছবিসহ আইডি কার্ড যার পুরো বেল্টে M.C.C লিখা থাকবে
১১. যারা বোরকা পরবে তাদের বেলায় বোরকার রং হবে নেভিব্লু এবং মাথায় থাকবে সাদা স্কার্ফ
১২. শীতকালে অতিরিক্ত নেভিব্লু সোয়েটার।

৩/২/
২৭/১/২৩

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট